শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



তাড়নাকারী থেকে প্রচারক

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।



প্রথম মণ্ডলীতে ঈশ্বর তাঁর
লোকদের মাধ্যমে অনেক
মহান কাজ করেছিলেন।
ফিলিপ নামে এক ব্যক্তি,

জনবহুল শহরে যীশুর
সম্বন্ধে লোকদের বলতে
ব্যস্ত ছিলেন, কিন্তু
ঈশ্বর তাকে প্রান্তরে
পাঠিয়েছিলেন। কেন?



ঈশ্বর জানতেন যে, প্রান্তরে একজন ভ্রমণকারী রয়েছেন, একজন শাসনকর্তা যিনি ইথিওপিয়ার কান্দাকি রাণীর অধীন। তিনি ঘরে ফিরছিলেন ও এক বিশেষ বই পড়ছিলেন। অনুমান করতে পার সেটা কী বই ছিল?



ফিলিপ
ঈশ্বরের
বাধ্য ছিলেন,
ঈশ্বর তাকে
সোজা সেই
শাসনকর্তার কাছে নিয়ে
গেলেন, যিনি ঈশ্বরের বাক্য না
বুঝেই পড়ছিলেন। তিনি ফিলিপকে তার সাথে
যোগ দিতে নিমন্ত্রণ করলেন।

শাসনকর্তা ফিলিপকে জিজ্ঞাসা করল, “এর মানে কী?” সেই প্রান্তরের রাস্তায় রথটা ঝাঁকুনি খেতে লাগল, ফিলিপ তার মুখ খুললেন ও শাস্ত্রের শুরু থেকে যীশুর বিষয়ে তার কাছে প্রচার করতে লাগলেন।



শীঘ্র আফ্রিকার
নেতাটি বাইবেলের
বাক্যতে বিশ্বাস করলেন যে,
যীশু খ্রীস্টই ঈশ্বরের পুত্র। কিছুটা জল দেখতে পেয়ে
তিনি বললেন, “আমার বাপ্তাইজিত হতে বাধা কোথায়?”

ফিলিপ তখন বললেন, “যদি তুমি তোমার হৃদয়ে সম্পূর্ণরূপে বিশ্বাস কর, তাহলে নিতে পার।” তখন শাসনকর্তাটা উত্তর দিল, “যীশু যে ঈশ্বরের পুত্র, আমি তা বিশ্বাস করি।” ফিলিপ তাকে জলের কাছে নিয়ে গেলেন ও বাপ্তাইজ করলেন।

যখন তারা জল থেকে বার হল, ঈশ্বরের আত্মা ফিলিপকে হরণ করে নিল, তাতে আফ্রিকার নেতাটি ফিলিপকে আর দেখতে পেল না। তিনি ইথিওপিয়া গিয়ে আনন্দ করতে লাগলেন।



কিছু লোক খ্রীস্টিয়ানদের ঘৃণা করত। স্তিফান, ফিলিপের অন্যতম বন্ধু ছিলেন। তিনি সেই সমস্ত ক্রুদ্ধ লোকদের দ্বারা নিহত হয়েছিলেন, যারা যীশুর কথা শুনতে চাইত না। তার্ষ নগরের শৌল নামে এক ব্যক্তি স্তিফানকে হত্যা করতে সাহায্য করেছিল। শৌল সমস্ত খ্রীস্টিয়ানদের ঘৃণা করত।

শৌল খ্রীস্টিয়ানদের বিরুদ্ধে এক ভয় ও হত্যার চেষ্টা করছিল। সে প্রধান যাজকের কাছে গিয়ে যারা যীশুকে অনুসরণ করে, সেই সমস্ত খ্রীস্টিয়ান লোক অথবা মহিলাদের ধরার অনুমতি নিয়েছিল।



অসহায় তার্ষ নগরের শৌল! সে জানত না যে, যখন সে ঈশ্বরের লোকদের তাড়না করে, তখন প্রকৃতপক্ষে সে প্রভু যীশুকে তাড়না করে। ঈশ্বর শৌলকে থামালেন, কিন্তু কীভাবে?

যখন শৌল দম্মেশকের রাস্তায় ছিল, তখন ঈশ্বর তাকে ধরলেন। ঈশ্বর স্বর্গ থেকে একটি আলো দেখালেন। শৌল মাটিতে পড়ে গেল। তারপর সে একটা স্বর শুনল।





শৌল কান্নায় ভেঙ্গে পড়ল, “আপনি কে প্রভু?” “আমি যীশু, যাকে তুমি তাড়না করছ।” কাঁপতে কাঁপতে ভয়ে শৌল জিজ্ঞাসা করল, “প্রভু, আমাকে কী করতে চাও?” প্রভু তাকে বললেন, “ওঠ ও শহরের মধ্যে যাও, তুমি কী করবে তা তোমাকে বলা হবে।”

শৌলের সঙ্গে যারা ছিল, তারাও শুনতে পেল, কিন্তু কাউকে দেখতে পেল না। শৌল মাটি থেকে উঠে নিজেকে অন্ধ দেখতে পেল। তারা তাকে দম্মেশক শহরে নিয়ে গেল।



ঐ শহরে শৌল তিনদিন অন্ধ অবস্থায় বিনা জল, খাবারে কাটিয়েছিল। বোধহয় সে প্রার্থনায় প্রভু যীশুর সঙ্গে সময় কাটিয়েছিল, যিনি দম্মেশকের রাস্তায় তাকে দেখা দিয়েছিলেন।



সমস্ত কিছু ঈশ্বরের পরিকল্পনার মধ্যে ছিল। দম্মেশকে একজন শিষ্য ছিলেন। যার নাম অননিয়। শৌলকে সাহায্য করার জন্য ঈশ্বর তাকে পাঠালেন। অননিয় পবিত্র ও ঈশ্বরের বাধ্য ছিলেন। যখন তিনি তার হাত শৌলের উপর রাখলেন, তখন শৌলের অন্ধত্ব চলে গেল এবং শৌল ঈশ্বরের পবিত্র আত্মায় পরিপূর্ণ হল।





শৌল বাপ্তাইজিত হয়েছিলেন,
তারপর তিনি খেলেন। খাওয়ার
পর তার শক্তি ফিরে
এসেছিল। শৌলের শক্তির
প্রয়োজন ছিল। কারণ ওনাকে
এক বিশেষ কাজ করতে হবে।

সে সিনেগগে যীশুর প্রচার করতে লাগল যে, তিনি ঈশ্বরের পুত্র। তখন যারা শুনল, তারা অবাক হয়ে গেল এবং বলল, “এ কি সেই নয়, যে খ্রীস্টিয়ানদের ধ্বংস করত?” এবং কিছু লোক শৌলকে হত্যা করার পরিকল্পনা করল।





শৌল যখন শহর দিয়ে বার হবে, তখন তাকে হত্যা করার জন্য শৌলের নতুন শত্রুরা শহরের দরজার কাছে অপেক্ষা করছিল। কিন্তু তার নতুন খ্রীস্টিয়ান বন্ধুরা তাকে একটা বড়ো ঝুড়ি করে শহরের দেওয়াল দিয়ে রাতের অন্ধকারে বার করে দিল। সেই সময় থেকে শৌল, যে খ্রীস্টিয়ানদের উপর তাড়নাকারী ছিল, সে তার নতুন প্রভুর একজন বিশ্বস্ত অনুগামী হিসাবে প্রভু যীশু খ্রীস্টেতে বাস করতে লাগল।

তাড়নাকারী থেকে প্রচারক

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

প্রেরিত ৮-৯

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬